

# কবিতা



কবিঃ অক্ষন বসু

email: [bankans@gmail.com](mailto:bankans@gmail.com)

## পুঁটিমাছ

অন্য যুবকের মতো তোর চোখে চাইলেই,  
কবিতা পায়।

ঠিক খিদে পাওয়ার মতো।  
বহুদিন দুর্ভিক্ষ দিনে -  
দুটো চালে বেড়ে ওঠা ভাত,  
ফুটে ওঠে।

গিলে ফেলি তোর চোখদুটো।

সর্ষে ইলিশের মতো খেতে লাগে বেশ।  
তোকে চেটে চেটে খাই, আর খায় কবিতা আমায়।

তারপর হুঁশ হয়।  
দুটো চালে বেড়ে ওঠা ভাতে  
চেউ খেলে।  
উপচানো ফ্যানের সাথে উনুনের আগুন নিভায়।

তোর চোখে আগুন নেভেনা।

তোর চোখ চিবোতে চিবোতে,  
আমি ফুটে ভাত হই।

তুই খাস পুঁটিমাছ দিয়ে।